অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.২০.০৮৬.১৪(অংশ-১)-৩৬৬

তারিখঃ ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

## পরিপত্র

সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুন্নয়ন রাজস্ব বাজেটে সেতু ও মহাসড়ক কোডে (কোড নম্বর-***৪৯৩৬) যে অর্থবছরের জন্য বরাদ্দ দেয়া হয় শুধুমাত্র সে অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। কোনভাবেই নিম্নোক্ত ব্যতিক্রম ছাড়া পূর্ববর্তী কোন অর্থবছরের কাজের বিল পরিশোধ করা যাবে না।

- Major পিএমপি (মহাসড়ক) এবং Major পিএমপি (সেতু) উপখাতে পূর্ববর্তী অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বরাদ্দপ্রাপ্ত অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত আছে সে সকল কাজের বিল বরাদ্দপ্রাপ্ত অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

২। প্রতিটি সড়ক বিভাগ Minor PMP অর্থাৎ পিরিয়ডিক মেইনটেন্যান্স মহাসড়ক ও সেতু উপ-খাতে প্রতি অর্থবছরে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী রক্ষণাবেক্ষণ ও মেরামত কর্মসূচী গ্রহণ করবে এবং তা বাস্তবায়ন করবে। কোন অবস্থাতেই এ উপ-খাতে বরাদ্দের অতিরিক্ত কর্মসূচী গ্রহণ করা যাবে না। গৃহীত অতিরিক্ত কর্মসূচীর বিপরীতে বিল পরিশোধ করা যাবে না এবং বকেয়া সৃষ্টি করা যাবে না।

- তবে অতি জরুরী প্রয়োজনে যেমন: বড় ধরণের দুর্যোগ, ভিভিআইপি ভ্রমন ইত্যাদি ক্ষেত্রে বরাদ্দের অতিরিক্ত কর্মসূচী গ্রহণের প্রয়োজন হলে তা প্রধান প্রকৌশলীর লিখিত অনুমোদন নিয়ে করতে হবে। প্রতি অর্থবছরে প্রতি সড়ক বিভাগে সর্বোচ্চ ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয়ের অনুমোদন সার্বিক পরিস্থিতি বিবেচনায় প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর দিতে পারবেন। ২৫(পঁচিশ) লক্ষ টাকার ঊর্ধ্বে ব্যয়ের প্রয়োজন হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে লিখিত অনুমোদন নিতে হবে।

বর্ণিত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে কর্মসূচী গ্রহণকারী, সুপারিশকারী ও অনুমোদনকারী কর্মকর্তার উপর বর্তাবে এবং এজন্য সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। উপর্যুক্ত উভয় নির্দেশনা অনুসরণে কর্মসূচী গ্রহণ ও বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা সংশ্লিষ্ট অর্থবছরের ১৫ জুন এর মধ্যে প্রধান প্রকৌশলীর মাধ্যমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করতে হবে।

৪। বিভাগীয়ভাবে মহাসড়ক মেরামতের জন্য রুটিন মেইনটেন্যান্স উপ-খাতের আওতায় একই অর্থবছরে সংগৃহীত মালামাল পরবর্তী অর্থবছর গুলোতেও ব্যবহার করা যাবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

০২/০৭/১৭

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপসচিব
ফোন: ৯৫১৪০৭৫
dsmaintenance@rthd.gov.bd

বিতরণঃ

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১ম-৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষন উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ব্রীজ ম্যানেজমেন্ট উইং) সড়ক ও জনপথ অধিদপ্তর।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন) সড়ক ও জনপথ অধিদপ্তর (________________)।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল) সড়ক ও জনপথ অধিদপ্তর (________________)।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ) সড়ক ও জনপথ অধিদপ্তর (________________)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

চলমান পাতা-২

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.২০.০৮৬.১৪(অংশ-১)-৩৬৬

তারিখঃ ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২। যুগ্ম-সচিব/যুগ্ম প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৪। উপ-সচিব/উপ-প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পরিপত্রটি অত্র বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল),সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৮। অফিস কপি/মাস্টার কপি।

০২/০৭/১৭

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপসচিব